

নং ১৫.৫৯.০০০০.০০৪.১১.০০১.২০- ১৫

তারিখ : ০৬ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ।  
২০ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ।


## পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য মন্ত্রণালয়ধীন বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহে সরাসরি জনবল নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্র: নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল ও গ্রেড	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
০১.	ক্যালিগ্রাফার	১টি	টা: ১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অনূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ক্যালিগ্রাফিতে দক্ষতা ও বাস্তব কর্ম অভিজ্ঞতা; (গ) কম্পিউটার চালনায় দক্ষতা;	নারায়ণগঞ্জ, নরসিংদী, ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, চট্টগ্রাম, চাঁদপুর, সিরাজগঞ্জ, রংপুর, ভোলা ও পটুয়াখালী।
০২.	প্রজেকশনিষ্ট	১টি	টা: ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে অনূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের কোনো পরীক্ষায় উত্তীর্ণ; (খ) সিনেমা প্রজেক্টর চালনায় ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; (গ) কম্পিউটার চালনায় দক্ষতা।	

### শর্তাবলী:

- আবেদনপত্র ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড কে সম্বোধন করে প্রেরণ করতে হবে।
- আগামী ১১-০২-২০২১ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়স হবে ৩২(বত্রিশ) বছর। কিন্তু মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে সর্বোচ্চ বয়স হবে ৩০(ত্রিশ) বছর।
- বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে এ সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- প্রার্থী নির্বাচনে সর্বশেষ সরকারি বিধি বিধান ও কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।
- চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণ করা হবে না এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।
- প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা মাত্র ১-৩৩৭১-০০০০-২০৩১ নং কোডে ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দিয়ে চালানোর মূলকপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
- আবেদনের সাথে (ক) প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি সত্যায়িত ছবি, (খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট থেকে প্রাপ্ত চারিত্রিক সনদ, (গ) প্রার্থীর নিজ এলাকার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও এনআইডি (যদি থাকে) সত্যায়িত অনুলিপি, (ঘ) শিক্ষাগত যোগ্যতার সনদ ও অভিজ্ঞতার সনদ, (ঙ) জন্ম নিবন্ধন ও অন্যান্য সনদ (যদি থাকে) এর সত্যায়িত কপি জমা দিতে হবে।
- আবেদনপত্র ১১-০২-২০২১ তারিখের (অফিস চলাকালীন সময়) মধ্যে ডাকযোগে ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, তথ্য ভবন (লেভেল-১৪ ও ১৫), ১১২ সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা-১০০০ বরাবর পৌছানো নিশ্চিত করতে হবে। সরাসরি কোনো আবেদন গ্রহণ করা হবে না।
- প্রার্থীকে খামের ওপর প্রার্থীত পদের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে। ত্রুটিপূর্ণ এবং ১৪-০১-২০২১ তারিখের পর প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।
- পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা উল্লেখপূর্বক ১০(দশ) টাকার ডাকটিকেট লাগানো ১০ ইঞ্চি X ৪ ইঞ্চি আকারের অতিরিক্ত একটি খাম আবেদনের সাথে দাখিল করতে হবে।
- কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদের মূলকপি উপস্থাপন করতে হবে।
- ১৮ ডিসেম্বর ২০২০ তারিখ প্রকাশিত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- কর্তৃপক্ষ শূন্যপদ হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



(মো. মমিনুল হক)

সচিব

ও

সদস্য-সচিব, বিভাগীয়  
পদোন্নতি/নির্বাচন কমিটি।